



পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০০৫.২১-১৪৭৯(৭৭)

তারিখঃ ২৫ ভাদ্র'১৪২৮
০৫) সেপ্টেম্বর'২০২১


বিষয় : কারা বিধি ১ম খন্ডের ৫৬৯ ধারায় মুক্তির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে কয়েদির প্রকৃতি উল্লেখকরণ সংক্রান্ত

সূত্র : কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০১৪.২১-১২৭৭(৭৬), তারিখ : ০৪-৮-২০২১

লক্ষ্য করা যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকমূলে বন্দিদের বদলী, চিকিৎসা, মুক্তি, শ্রেণী প্রদানসহ অন্যান্য প্রস্তাব অনুমোদনের জন্য প্রেরণের ক্ষেত্রে বন্দির প্রকৃতি/ধরণ উল্লেখ করার কথা বলা হলেও কারাগার হতে কয়েদির ৫৬৯ ধারায় মুক্তির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে বন্দির প্রকৃতি/ধরণ উল্লেখ করা হয় না। এছাড়া অগ্রগামী পত্র, কারা বিবরণী, মুক্তিযোগ্য ছক ও রেজিস্ট্রার কার্ডে কয়েদির নাম, নম্বর এবং মামলার বিবরণীতেও গড়মিল লক্ষ্য করা যায়। ফলে সংশ্লিষ্ট বন্দি সম্পর্কে বিস্তারিত তথ্যাদি জানা সম্ভব না হওয়ায় পরবর্তীতে প্রশাসনিক জটিলতা সৃষ্টি হয়ে থাকে।

২। এরূপ জটিলতা রোধকল্পে কারাগারসমূহে আটক কোন কয়েদির ৫৬৯ ধারায় মুক্তির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কয়েদির প্রকৃতি (যেমন-জেএমবি, যুদ্ধাপরাধী, শীর্ষ সন্ত্রাসী, অন্যান্য আলোচিত মামলা ইত্যাদি) অবশ্যই উল্লেখ করতে হবে।

৩। উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য বলা হলো।


মোঃ আবরার হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে- কারা মহাপরিদর্শক
☎- ৫৭৩০০২২২ (দপ্তর)।
addl.ig@prison.gov.bd

কার্যার্থে বিতরণঃ

- ১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি ওয়েব সাইটে প্রকাশের জন্য।